

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৮.২০১৪-০৭

তারিখঃ ৭.১২.১৪ খ্রিঃ।

**আদেশ**

যেহেতু, জনাব মোঃ আব্দুল মোস্তালেব, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, পাটগ্রাম লালমনিরহাট এর বিরুদ্ধে পঞ্চগড় জেলাধীন দেবীগঞ্জ উপজেলায় কর্মকালীন ২০১২-২০১৩ অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯,৬০,০০০/- টাকার বিপরীতে ৩,৪০,০০০/- টাকা ঋণ বিতরণ, জুন ২০১৩ পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচির চলমান আদায়যোগ্য কিস্তির ৮০,০০০/- টাকার বিপরীতে মাত্র ২৩,০০০/- টাকা আদায় এবং জুন ২০১৩ পর্যন্ত একই কর্মসূচির ৬,০৪,০০০/- টাকা খেলাপীর বিপরীতে কোন টাকা আদায় করতে না পারা বরং আরো ৫,৩০,০০০/- টাকা খেলাপীতে যুক্ত হওয়ার অভিযোগে অত্র দপ্তরের ১৯-০১-২০১৪ খ্রিঃ তারিখে ৩৪ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে ১৫-৪-২০১৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেন। তথাপিও তার বক্তব্যের যৌক্তিকতা নিরূপণের লক্ষ্যে বিভাগীয় তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত মর্মে উল্লেখ থাকায় একই বিধিমালার ৪(৩)(ডি) ধারার বিধান মতে তাকে চাকুরী হতে বরখাস্তকরণ(Dismisal from Service) দপ্তরোপের প্রস্তাবনাপূর্বক অত্র দপ্তরের ২৫-০২-২০১৫ খ্রিঃ তারিখের ১২০ সংখ্যক পত্রে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি খেলাপী আদায়ে সময় প্রার্থনা করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি আরও উল্লেখ করেন যে, কিস্তি খেলাপী ও ঋণ খেলাপী হতে ৮৭,১২০/- টাকা আদায় হয়েছে এবং জুন/২০১৫-২০১৬ অর্থ বছরের মধ্যে যাবতীয় খেলাপী আদায়ের অঙ্গীকার করেন। তৎপ্রেক্ষিতে তাকে ৩০-৯-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত তার পূর্ববর্তী কর্মস্থলে দেবীগঞ্জে সাময়িক সংযুক্ত করা হয়। কিন্তু স্থানীয় কর্তৃপক্ষ পত্রের মাধ্যমে অবহিত করেন যে, উক্ত সময়ের মধ্যে তিনি একদিনও দেবীগঞ্জ পঞ্চগড়ে যাননি। এতে প্রতীয়মান হয় তিনি দায়িত্ব পালনে মোটেও আন্তরিক নন এবং কর্তৃপক্ষের আদেশকে চরমভাবে অবজ্ঞা করেছেন; অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে ইতোপূর্বে অপরাপর বিভাগীয় মামলায় গত ১৭-০১-২০০৫ খ্রিঃ তারিখে ০১টি বার্ষিক বর্ধিত বেতন স্থগিত, ১২-৫-২০১০ খ্রিঃ তারিখে ০২টি বার্ষিক বর্ধিত বেতন স্থগিত এবং ৩১-০৩-২০১৫ খ্রিঃ তারিখে ০২টি বার্ষিক বর্ধিত বেতন স্থগিতকরণ দপ্তরোপ করা হয়। কিন্তু বার বার তিনি অঙ্গীকার করার পরও তার কাজের কোন উন্নতি পরিলক্ষিত হচ্ছে না বরং কর্তৃপক্ষের আদেশকেও তিনি চরমভাবে অবজ্ঞা করেছেন;

০৪। যেহেতু, বিভাগীয় মামলার জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, সংযুক্ত কর্মস্থলে যোগদান না করা, তদন্ত প্রতিবেদন এবং সার্বিক বিষয় পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি অনুযায়ী অদক্ষতা, অসদাচরণের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হয় এবং একই বিধিমালার ৪(৩) বিধি মোতাবেক গুরু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এফক্ষে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(বি) ধারার বিধান মতে ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ আব্দুল মোস্তালেব-কে চাকুরী হতে বাধ্যতামূলক অবসরদান(compulsory retirement) দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯  
তারিখঃ ৭.১২.১৪ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৮.২০১৪-০৭

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পঞ্চগড়/লালমনিরহাট।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন/আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণ এবং ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়/পাটগ্রাম, লালমনিরহাট।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, পাটগ্রাম, লালমনিরহাট-কে পত্রে উল্লিখিত দণ্ডদেশ বর্ণিত কর্মচারীকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দেবীগঞ্জ, পঞ্চগড়
- ০৮। জনাব মোঃ আব্দুল মোস্তালেব, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, পাটগ্রাম, লালমনিরহাট।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।